



**SREDA**  
Sustainable and Renewable  
Energy Development Authority

# বার্ষিক প্রতিবেদন

২০১৫-১৬



টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)


বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন

২০১৫-১৬



টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বার্ষিক প্রতিবেদন কমিটি -

- চেয়ারম্যান : জনাব মো: হেলাল উদ্দিন  
চেয়ারম্যান, শ্রেডা।
- আহবায়ক : জনাব সিদ্দিক জোবায়ের  
সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ), শ্রেডা।
- সদস্য : বেগম সালিমা জাহান  
সদস্য (নীতি ও গবেষণা), শ্রেডা।
- সদস্য : জনাব মোহা: কাওসার আলী  
সদস্য (অর্থ), শ্রেডা।
- সদস্য : জনাব মোহাম্মদ আলী বকর  
সহকারী পরিচালক (জ্বালানি দক্ষতা), শ্রেডা।
- সদস্য : জনাব মো: তানভীর মাসুদ  
সহকারী পরিচালক (উইন্ড এন্ড আদার্স), শ্রেডা।

## প্রকাশনায় -

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইইবি ভবন (১০ ও ১১ তলা), রমনা, ঢাকা-১০০০।  
ফোন : ০২-৫৫১১০৩৪০, ফ্যাক্স : ০২-৫৫১১০৩৪১

## সম্পাদনায় -

মুহা: তাজুল ইসলাম  
পরিচালক (প্রশাসন)  
ইবাইস ইউনিভার্সিটি  
বাড়ি নং ১৬, রোড নং ৫, সেক্টর নং ৪, উত্তরা, ঢাকা।  
মোবাইল : +৮৮ ০১৮৫৫ ২৬ ৭৭ ৯৯

## প্রকাশকাল

জুন ২০১৭  
আষাঢ় ১৪২৪

## মুদ্রণ ও অঙ্কসজ্জা

নেটকম প্রোডাক্ট  
info@netcom-bd.com





নসরুল হামিদ এমপি  
প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী


টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। প্রতিবেদনটিতে স্রেডা নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা, জলবায়ু পরিবর্তন এবং প্রকল্প সংশ্লিষ্ট তথ্যাদি প্রকাশ করেছে। গবেষণাসহ সৃজনশীল কার্যক্রমে শিক্ষার্থীরা এ প্রতিবেদন থেকে সরাসরি উপকৃত হবে। আমি এই বার্ষিক প্রতিবেদন প্রকাশনার সঙ্গে জড়িত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

প্রচলিত জ্বালানি শক্তির উৎস থেকে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ২০০৯ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত বর্তমান সরকার এক অসাধারণ সাফল্য অর্জন করেছে। ২০০৯ সালে যেখানে মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ছিল মাত্র ৪৯৪২ মেগাওয়াট এবং বিদ্যুতের চাহিদা ও সরবরাহের মধ্যে বিপুল পরিমাণ ঘাটতি ছিল বর্তমানে মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৫,০০০ মেগাওয়াট এর বেশি। এখন জনগণ লোড শেডিং এর কষ্ট প্রায় ভুলে গেছে। নতুন নতুন বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে এবং তা দিন দিন বেড়ে চলছে। এভাবে আমরা ক্রমাগত এক উজ্জ্বল ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছি। এই অভূতপূর্ব সাফল্য এবং সরকারের বহুমুখী পদক্ষেপ আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর যোগ্য নেতৃত্বের কারণেই সম্ভব হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদ্যুৎ খাতকে সর্বাধিক অগ্রাধিকার দিয়েছেন। রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়ন করে সমৃদ্ধ বাংলাদেশ গঠনে এ খাত অপরিসীম অবদান রাখবে। উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা সমন্বিত করতে 'পাওয়ার সিস্টেম প্ল্যান-২০১০' পর্যালোচনা করে হালনাগাদ করা হচ্ছে। জ্বালানি দক্ষতা এবং সংরক্ষণ মাস্টার প্ল্যান-২০৩০ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে মোট উৎপাদনের ২০ ভাগ জ্বালানি সাশ্রয় করা হবে। সুতরাং আমাদের প্রয়োজন জ্বালানি সাশ্রয়ি ও দক্ষ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্বালানির সুষ্ঠু ব্যবহার, সাশ্রয় এবং সংরক্ষণ করা। স্রেডা এই প্রয়োজন পূরণে অবদান রাখছে।

আমি এ প্রতিবেদনটির সাফল্য এবং স্রেডার সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।  
বাংলাদেশ চিরজীবী হউক।

  
(নসরুল হামিদ এমপি)  
প্রতিমন্ত্রী



ড. আহমদ কায়কাউস

সচিব

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## বাণী

অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রভাবক জ্বালানি। বিশ্বব্যাপী জ্বালানির বর্ধিত চাহিদা পূরণের জন্য জীবাশ্ম-জ্বালানির অতিরিক্ত ব্যবহারের ফলে সৃষ্ট বিশ্ব-উষ্ণায়নের নেতিবাচক প্রভাব মোকাবেলায় একুশ শতকের শুরু থেকে উন্নত ও উন্নয়নশীল দেশসমূহ বিকল্প জ্বালানি হিসেবে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের উপর গুরুত্বারোপ করে আসছে। বিশ্ব-সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ অংশীদার বাংলাদেশ সরকার ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থ সংরক্ষণ করে উন্নয়নের গतिकে অব্যাহত রাখার জন্য জীবাশ্ম-জ্বালানির বিকল্প হিসেবে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধি, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের প্রয়াস চালিয়ে আসছে। এই লক্ষ্য অর্জনের জন্য সরকার ২০১৪ সালের ২২ মে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা) গঠন করে।

জ্বালানির প্রচলিত ও বিকল্প উৎসের উন্নয়নে সরকারের একটি প্রতিশ্রুতিশীল সংস্থা হিসেবে শ্রেডা সদা সচেষ্ট। আমি আশা করি, শ্রেডার ঐকান্তিক ও অব্যাহত কর্মতৎপরতা বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

  
২৪/৭/১৯

(ড. আহমদ কায়কাউস)

সচিব

